যুগান্তর

তাং : 17 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# উপবৃত্তি আত্মসাৎ বন্ধে শিক্ষার্থীরা টাকা পাবে বিকাশে

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক শিক্ষা খাত উন্নয়ন কর্মসূচির (সেসিপ) আওতায় দরিদ্র শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির টাকা এখন থেকে সরাসরি বিতরণ করা হবে। বেসরকারি মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান বিকাশের মাধ্যমে শিক্ষার্থীর নিজস্ব মোবাইল অ্যাকাউন্টে এ টাকা অগ্রণী ব্যাংকের মাধ্যমে পাঠানো হবে। উপবৃত্তির টাকা আত্মসাৎ বন্ধে শিক্ষা মন্ত্রণালয় এ পদক্ষেপ নিয়েছে। এ লক্ষ্যে রোববার সেসিপ ও অগ্রণী ব্যাংকের কর্মকর্তারা একটি সমঝোতা চুক্তি সই করেন। এ উপলক্ষে রোববার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। চুক্তিতে সই করেন সেসিপের প্রোগ্রাম পরিচালক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান এবং অগ্রণী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. ইসমাইল হোসেন। শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেসিপের যুগ্ম-প্রোগ্রাম পরিচালক আবু সাঈদ শেখ। এ সময় শিক্ষা মন্ত্রণালয়, মাউশি, সেসিপ, অগ্রণী ব্যাংক এবং বিকাশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মাউশি মহাপরিচালক জানান, ২০১৪ সালের আগস্টে সেসিপের সঙ্গে অগ্রণী ব্যাংকের সম্পাদিত চুক্তির ধারাবাহিকতায় এ চুক্তি সই ■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## উপবৃত্তি আত্মসাৎ বন্ধে

(৩য় পৃষ্ঠার পর)

হয়েছে। চুক্তির আওতায় দেশের ১৭ জেলার ৫৪ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী ও সমমানের স্কুল এবং মাদ্রাসার ৩ লাখ দরিদ্র শিক্ষার্থীর মধ্যে ১৫০ কোটি টাকা বিতরণ করা হবে। এ বছরের জুলাই থেকে আগামী বছরের ডিসেম্বর পর্যন্ত সময়ে তা করা হবে। তিনি বলেন, এ উপবৃত্তির টাকা বিকাশের মাধ্যমে শিক্ষার্থীর নিজস্ব মোবাইল অ্যাকাউন্টে পাঠানো হবে। প্রতি মাসে উপবৃত্তি হিসেবে শিক্ষার্থীরা ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে ১০০ টাকা, ৮ম শ্রেণীতে ১২৫ টাকা, ৯ম শ্রেণীতে ১৭০ টাকা এবং ১০ম শ্রেণীতে ২১০ টাকা পাবে। এছাড়া উপবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী টিউশন ফি হিসেবে মাসে ১৫ থেকে ২০ টাকা এবং এসএসসি/দাখিল পরীক্ষার্থী পরীক্ষা ফি সহায়তা হিসেবে ৭৫০ টাকা পাবে। অনুষ্ঠানে শিক্ষা সচিব বলেন, শিক্ষার্থীদেও মোবাইল অ্যাকাউন্টে উপবৃত্তির টাকা পাঠানোর বিষয়টিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ডিজিটাল বাংলাদেশ অর্জনে একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে উল্লেখ করেন। সেসিপ ছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সেকায়েপ, এসইএসপি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং উচ্চমাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের মাধ্যমে সারা দেশে দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে।